153

দৈনিক সংবাদ

তারিখ 20 APR 1994
পৃষ্ঠা 2 কলাম 2

# পাবলিক পরীক্ষার প্রশ্ন ফাঁস, প্রকাশ বা বিতরণ করলে জেল-জরিমানা

গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০ (১৯৯২ সালে সংশোধিত)-এর ৪ ধারা অনুযায়ী কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগে এই পরীক্ষার জন্য প্রণীত কোন প্রশ্ন সংবলিত কোন কাগজ অথবা এমন পরীক্ষার জন্য প্রণীত হয়েছে বলে মিথ্যা ধারণাদায়ক কোন প্রশ্ন সংবলিত কোন কাগজ কিংবা এই পরীক্ষার জন্য প্রণীত প্রশ্নের সাথে হুবহু মিল রয়েছে বলে বিবেচিত হওয়ার অভিপ্রায়ে লিখিত কোন প্রশ্ন সংবলিত কাগজ, যে কেউ কোন উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ করলে, তিনি ন্যূনতম ৩ বছর থেকে ১০ বছর পর্যন্ত কারাদন্ড কিংবা অর্থদন্ড অথবা উভয়বিধ দন্ডে দন্ডনীয় হবেন।

সংশ্লিষ্ট সকলকে এধরনের কাজ থেকে বিরত থাকার জন্যে সরকার সতর্ক করে দিয়েছে।